মেহেরপুরে বৈদ্যুতিক খুঁটিতে আগুন

মেহেরপুরে একটি বৈদ্যুতিক খুঁটিতে আগুন লেগেছে। এতে খুঁটিতে থাকা বৈদ্যুতিক তারের লাইন পুড়ে গেছে। তবে বড় ধরনের কোনো ক্ষয়ক্ষতি হয়নি।

মঙ্গলবার রাত পৌনে ১২ টার দিকে মেহেরপুর কোটপাড়া, পন্টোরঘাটের একটি বৈদ্যুতিক খুঁটিতে আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিস কর্মীরা এসে আগুন নেভায়। এ ঘটনায় ওই এলাকার বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়।

গাংনীতে জমি জমার বিরোধ নিয়ে পৃথক সংঘর্ষে বৃদ্ধ ও নারীসহ ১৯ জন আহত

জমি জমা সংক্রান্ত বিরোধের জের ধরে গাংনীর পৃথক পল্লীতে সৃষ্ঠ সংঘর্ষে বৃদ্ধ ও নারীসহ ১৯ জন আহত হয়েছেন।
আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছেন।

আহতরা হলেন, গাংনী উপজেলার ভোমরদহ গ্রামের হেলাল উদ্দীনের ছেলে আব্দুল মাবুদ (৪৮), তার স্ত্রী সুমি খাতুন (৪৫), ছেলে শাফিউর রহমান (১৩), আন্টু হোসেন (৪৬) তার স্ত্রী মুসলিমা খাতুন (৪০) ও তাদের চাচাত ভাই মৃতু ইসমাইল হোসেনের ছেলে আকবর আলী (৬৫), এই উপজেলার কাজীপুর গ্রামের হেকমত আলীর ছেলে আবুল কালাম (৪৫) তার স্ত্রী কোহিনুর বেগম (৪০), করমদী গ্রামের আব্দুল কুদ্দুছের ছেলে মাগরিব আলী (৪৫), গাংনী পৌর সভার ২ নং ওয়ার্ড শিশিরপাড়া গ্রামের সাদ্দাম হোসেনের ছেলে জান্নাতুল নাদীম (২৫), বেতবাড়িয়া গ্রামের মৃতু শহিদুল ইসলামের স্ত্রী রুবি খাতুন (৩৪), মৃতু দুলাল

হোসেনের স্ত্রী আম্বিয়া খাতুন (৪০), নুর হকের স্ত্রী ইসমত আরা
(৩৫) ও আনিসুর রহমানের স্ত্রী আফরোজা খাতুন (৫০)।

জানা গেছে, পৈত্রিক সম্পত্তির ভাগকে কেন্দ্র করে গতকাল মঙ্গলবার সকাল নয়টার দিকে ভোমরদহ গ্রামে দু সহোদর ভাই আব্দুল মাবুদ ও আন্টু হোসেনের মধ্যে সৃষ্ঠ সংঘর্ষে আবুল হোসেন তার স্ত্রী সুমি খাতুন, ছেলে শাফিউর আহত হন।

এছাড়া প্রতিপক্ষ আন্টু হোসেন ও তার স্ত্রী মুসলিমা খাতুন আহত হন। এসময় তাদের সংঘর্ষ ঠেকাতে গিয়ে আহত হন চাচাত ভাই বৃদ্ধ আকবর আলী। এদের মধ্যে আকবর আলী ও আব্দুল মাবুদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকীরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়েছেন।

এদিকে দুপুরের দিকে বিরোধপূর্ণ ৬ কাঠা জমির দখল নিয়ে সৃষ্ঠ সংঘর্ষে আহত হন বেতবাড়িয়া গ্রামের রুবি খাতুন, আম্বিয়া খাতুন, সাথি খাতুন, রওনক আলী, প্রতিপক্ষ ইসমত আরা ও আফরোজা খাতুন।

আহত ইসমত আরা ও আফরোজা খাতুন জানান, আমার ফুফু শাশুড়ির কাছ থেকে আমরা ৬ কাঠা জমি কিনেছি। আমরা সে জমি দখল নিতে গেলে আমাদের প্রতিপক্ষরা বাঁধা দেন। তারাও জমির মালিকানা দাবী করেছেন।

এ নিয়ে উভয় পক্ষের মধ্যে মারা হয়। তিনি জানান আমাদের উপর হামলা করে আমাদের ব্যাপক মারপিট করেছে। আফরোজা ও ইসমোত আরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। প্রতিপক্ষ রুবি, আম্বিয়া রওনক ও সাথি খাতুনও গাংনী হাসপাতালে ভর্তি হন।

দর্শনায় ফার্ণিচারের ব্যবসা প্রতিষ্ঠানে দুঃসহসিক চুরি, ১ জন গ্রেফতার

দর্শনায় ফার্ণিচার নকশা ঘরে দুঃসহসিক চুরির ঘটনা ঘটেছে। গত সোমবার দিবাগত রাতে দর্শনা কেরুজ আমতলা সংলগ্ন নকশা ঘরে

দুঃসাহসিক চুরির ঘটনাটি ঘটে। এতে ব্যবসায়ীর প্রায় দু’লক্ষাধিক টাকার মালামাল চোরেরা চুরি করে নিয়ে গেছে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া ফার্মপাড়ার মিনাজের ছেলে মিরাজুল ইসলাম পেশায় একজন দর্শনা পৌর এলাকার আমতলা সংলগ্ন লিয়াকত আলীর “স” মিলের মার্কেটে মিরাজুলের কাঠের ফার্ণিচার নকশা ঘর।

এ নকশা ঘরে গত সোমবার দিবাগত রাতে এক দুঃসাহসিক চুরির ঘটনা ঘটে। এতে চোরেরা তার ঘর থেকে নকশা কাটিং মেশিনের কয়েকটি মটর, রুটার, ডিল মেশিন, হ্যান্ড করাত, বৈদ্যুতিক টেবিল ফ্যান সহ প্রায় ২ লক্ষাধিক টাকার মালামাল চুরি করে নিয়ে গেছে।

ব্যবসায়ী মিরাজুল জানায়, প্রতিদিনের ন্যায় সকালে দোকান খুলি। এরপর দোকানে ঝাড়ু দেওয়ার সময় নজরে পড়ে ঘরে মেশিনের সাথে মটর সহ অনেক মালামাল নাই। সেই সাথে ব্যবসা প্রতিষ্ঠানের পিছনের জানালা খোলা দেখতে পাই।

ধারনা করা হচ্ছে চোরেরা আমার ব্যবসা প্রতিষ্ঠানের পিছনের জানালা খুলে ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে প্রবেশ করে চুরি করে পূনরায় ওই জানালা দিয়ে বের হয়ে পালিয়ে গেছে। এবিষয়ে দর্শনা থানায় মালামাল চুরির বিবরন দিয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেছি।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন, আমরা চোর সন্দেহ আলামিন (২১) নামের একজনকে গ্রেফতার করেছি। তাকে জিজ্ঞাসাবাদ চলছে। আমরা এই চুরির ঘটনা উৎঘাটনের জোর প্রচেষ্টা চালাচ্ছি।

আলমডাঙ্গার শ্রীরামপুরে সৎ পিতার নিকট ধর্ষণের শিকার

কিশোরী

আলমডাঙ্গার শ্রীরামপুরে এক কিশোরীকে তার সৎ পিতা আতিয়ারের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত বৃহস্পতিবার রাত ৮ টার দিকে এ ঘটনাটি ঘটে।

ধর্ষণের শিকার হওয়া ওই কিশোরীর পরিবারকে না জানিয়ে ২০ হাজার টাকা জরিমানায় আপোশ মিমাংসের চেস্টা করা হচ্ছে। এ ঘটনায় কিশোরী তার সৎ পিতার দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের শ্রীরামপুর গ্রামের আতিয়ার রহমান গত ৭ বছর পূর্বে একই গ্রামের সেলিনা খাতুনের সাথে বিবাহ করে। সেলিনা খাতুনের ইতিপূর্বে দাম্পত্য সংসারে কিশোরী একটি মেয়ে আছে।

গত বৃহস্পতিবার রাত ৮ টার দিকে সেলিনা খাতুন পাশের বাড়িতে যায়। কিশোরীর সৎ পিতা বাড়ি ফাঁকা পেয়ে জোরপূর্বক ধর্ষণ করে ওই কিশোরীকে। কিশোরী তার সৎ পিতার নিকট থেকে ছাড়া পেয়ে প্রতিবেশিদের নিকট ছুটে যায়। পরে রাতে কিশোরীর মা সেলিনা খাতুন বাড়ি ফিরলে সৎ পিতার জোরপূর্বক ধর্ষণের ঘটনাটি জানায়।

এ ঘটনায় এলাকাজুড়ে চাঞ্চল্য সৃষ্টি হয়। ইতিপূর্বে ওই কিশোরীর গত ৬ মাস পূর্বে পোড়াদহ কামারডাঙ্গায় অটো চালকের সাথে বিবাহ হয়।

কিশোরীর মা সেলিনা খাতুন বলে, বৃহস্পতিবার রাতে সে প্রতিবেশিদের বাড়িতে যায়। এসময় বাড়ি ফাঁকা পেয়ে জোরপূর্বক ধর্ষণ করে তার কিশোরী মেয়েকে।

এ ঘটনায় প্রতিবেশি লাল্টু ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, গত বৃহস্পতিবার রাতে আতিয়ার নামে ওই কিশোরীর সৎ পিতা জোরপূর্বক ধর্ষণ করে। এ ঘটনায় সামাজিক ভাবে মিমাংসার চেষ্টা চালানো হচ্ছে। তিনি আরো বলেন, ২০ হাজার টাকা ধর্ষণের ঘটনায় জরিমানার অভিযোগ সত্য নয়। সেলিনা খাতুনের নিকট থেকে ২০ হাজার টাকা নেয় আতিয়ার। ওই টাকা ফেরৎ দিতে চেয়েছে আতিয়ার।

আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম জানান, ধর্ষণের ঘটনায় কোন অভিযোগ পাওয়া যায়নি। এমন ঘটনায় অভিযোগ করলে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চেষ্টা, গ্রামবাসীর ক্ষোভ

দর্শনা আকন্দবাড়িয়া গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাত্র একশ গজ দুরে একটি মাদ্রাসা গঠন করার অভিযোগ পাওয়া গেছে। গ্রামে একটি মাদ্রাসা থাকা সত্বেও কেনো সরকারি জাইগা দখল করে রাতারাতি কমিটি গঠন করে মাদ্রাসা করা হচ্ছে তা নিয়ে প্রশ্ন। চলছে গ্রাম জুড়ে আলোচনা সমালোচনার বয়ে যাচ্ছে ঝড়।

যদিও জেলা শিক্ষা অফিসার বলেছেন একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থাকলে তার অন্তত দু কিলোমিটারের মধ্যে কোন শিক্ষা প্রতিষ্ঠান করা যবেনা, যা সরকারি নির্দেশনা।

এসব প্রশ্নের জবাব খুজতে মঙ্গলবার দর্শনা প্রেসক্লাবের একদল সাংবাদিক সরেজমিন ঘটনাস্থলে পরিদর্শনে যান ও খোজখবর নেন।

গ্রামের লোকজন বলেন গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে আখচাষী সমবায় সমিতির নামে একটি জায়গা ছিল এবং ঐ জায়গায় আখ চাষীদের সময় কাটানোর জন্য এক কক্ষ বিশিস্ট একটি ঘর নির্মান করা হয়েছিল।

তৎকালিন আখচাষী সমবায় সমিতির সাবেক সভাপতি আশাদুল হক জানান এর কোন কার্যক্রম না থাকায় প্রায় ১০বছর আগে এ সমিতি বিলুপ্ত হয়ে গেছে, এখন এ প্রতিষ্ঠানের মালিক সরকার, আমাদের কোন কতৃত্ব নেই।

স্থানীয় মেম্বার ও আওয়ামী লীগ নেতা আমিরুল ইসলাম জানালেন গ্রামের ঈদগাহ ময়দানে ও মহাসড়কের পাশে খুব ভাল পরিবেশে একটি মাদ্রাসা রয়েছে, যা শিক্ষার্থী অভাবে প্রায় বন্ধ হওয়ার পথে,সে দিকে কারো খেয়াল নেই? নতুন করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে মাদ্রাসা বানানোর চেস্টা সঠিক হবেনা, উদ্দেশ্য প্রনোদিত হতে পারে। জায়গাটি কমলমতি ছেলেমেয়েদের খেলার নির্ধারিত মাঠ ও স্থান হলে ভাল হয় বলে তিনি বলেন।

গ্রামের প্রবীন আওয়ামী লীগ নেতা জানালেন রাতারাতি কার নির্দেশে সমবায় সমিতির ঘর ভেঙে সাইনবোড লাগানো হলো বিষয়টি রহস্যজনক মনে হয়েছে। তা ছাড়া ঘরের জানালা দরজার হদিস নেই,অল্প কিছু ইট রয়েছে।

তিনি অভিযোগ করে জানান ঐ পাড়াই কিছুদিন আগে শ্রী ঝন্টু হালদারের ছেলে শ্রী সোনাতন হালদার ও তার স্ত্রীকে ধর্মান্তরিত করা

হয়েছিল, তার স্ত্রী ধর্মান্তরিত না হয়ে রাতারাতি চাকরি ছেড়ে প্রান ভয়ে দুধের বাচ্ছাটি নিয়ে পালিয়ে বাবার বাড়ি চলে যায়। পরে শ্রী সোনাতন হালদার ঐ পাড়ার এক মুসলমানের মেয়ে নিয়ে নিরুদ্দেশ হয়েছেন।

তিনি জানালেন ঐ চক্রটি এ কাজ করলো কিনা তা ক্ষতিয়ে দেখা দরকার। এ ছাড়া রাতারাতি ভুই ফোঁড় যে কমিটির নাম শোনা যাচ্ছে তারা হলেন ফেনসিডিলের আঞ্চলিক এজেন্ট নামে ক্ষ্যাত যে গত বছর পুলিশের ক্রস ফায়ারে নিহত হয়েছিল সেই পাপ্পু খোড়ার বাবা বজলুর রহমান সভাপতি ও জামাতের স্থানীয় নেতা হাবিল মোল্লাকে সম্পাদক করা হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান জানান প্রযোজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলাকে নির্দেশ দিয়েছি,।

চুয়াডাঙ্গা উপজেলা শিক্ষা অফিসার উওম কুমার জানান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দু কিলোমিটারের মধ্যো কোন শিক্ষা প্রতিষ্ঠান করার নিয়ম নেই।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়া জানান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আশেপাশে অন্য যে কোন প্রতিষ্ঠান করতে জেলা প্রশাসনের অনুমতি লাগবে,এ ধরনের কোন অনুমতি আমার জানামতে দেয়া হয়নি।

স্বাধীনতা দিবস উপলক্ষে বামন্দীতে বাউল সঙ্গীত সন্ধ্যা অনুষ্ঠিত

স্বাধীনতা দিবস উপলক্ষে বামন্দীতে বাউল সঙ্গীত সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার রাত ৯টার দিকে শুরু হওয়া সঙ্গীত সন্ধ্যায় গান পরিবেশন করেন বিভিন্ন এলাকার শিল্পীরা।

দীর্ঘ সময় পরে বামন্দী ইক্ষু ক্রয় কেন্দ্রের মাঠে গানের আয়োজন করায় কমতি ছিলনা দর্শকের। দর্শকদের অনুরোধে পছন্দের গান শোনার

শিল্পীরা।

বামন্দী হক এন্টার প্রাইজের সৌজন্যে এবং বামন্দী এলাকাবাসীর আয়োজনে অনুষ্ঠিত বাউল সঙ্গীত সন্ধ্যার আয়োজক লালন শা জানান, করোনার কারনে অনেকটা সময় এলাকায় কোন বিনোদনমুলক অনুষ্ঠান করা সম্ভব হয়নি।

করোনার প্রভাব কম থাকায় স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন এলাকার খ্যাতিমান বাউল শিল্পিদের এনে বিনোদনের ব্যবস্থা করা হয়েছে।

হরিণাকুন্ডুতে কলেজ শিক্ষকের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলা সদরের সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের গ্রন্থগার ও তথ্য বিজ্ঞান বিষয়ের প্রভাষক আনিচুর রহমানের নামে গত ৭ মার্চ Voice of Jhenaidah নামক একটি আইডি থেকে অসত্য বনোয়াট এবং উদ্দেশ্য প্রণোদিত তথ্য প্রচার করা হয়েছে।

এ বনোয়াট তথ্য প্রচারের বিরুদ্ধে ভূক্তভোগী শিক্ষক আনিচুর রহমান গতকাল দুপুরে হরিনাকুন্ডুতে এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আনিচুর রহমান বলেন, তার ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক এবং প্রাতিষ্ঠানিক ভাব মর্যদা ক্ষুন্ন করার অসৎ উদ্দেশ্যে একটি স্বর্থন্বেষী মহল এমন বানোয়াট অসত্য তথ্য প্রচার করছে।

গত ৭ মার্চ Voice of Jhenaidah নামক আইডিটি ওপেন করা হয় এবং ওই দিন উপরিউক্ত অসত্য তথ্য সংযুক্ত কাহিনীটি প্রচার করেই পূনরায় আইডিটি বন্ধ করে দেওয়া হয়।

এতেই প্রমানিত হয় বেনামী ফেক আইডি থেকে অসত্য তথ্য প্রচার করে তার ভাবমূর্তি ক্ষুন্ন করবার হীন প্রয়াস ছাড়া আর কিছুই নয়।

তারপরও তথ্যটি অবহিত হওয়ার পরপরই হরিনাকুন্ডু থানায় সাধারণ ডায়েরী ভুক্ত করা হয়, হরিনাকুন্ডু থানার জিডি নং- ২৩৭৮ এবং তারিখ ০৮/০৩/২২।

সংবাদ সম্মেলন ভবিষ্যতে এজাতীয় কল্প কাহিনী সম্বলিত তথ্য প্রচার করা থেকে বিরত থাকার জন্য আহ্বান জানানো হয়।

অন্যথায় আইসিটি আইনে মামলা মোকদ্দমা করা হবে বলে অভিমত ব্যক্ত করা হয়। সংবাদ সম্মেলনে সংশ্লিষ্ট কলেজের বিভিন্ন বিষয়ের শিক্ষকমন্ডলী উপস্থিত ছিলেন।

গাংনীর দুটি স্থানে অগ্নীকান্ডে অন্ততঃ ১০ লাখ টাকার ক্ষয়ক্ষতি

মেহেরপুরের গাংনীর ওলিনগর ও গাড়াডোব গ্রামে অগ্নীকান্ডে নগদ টাকা ও অন্যান্য মালামালসহ অন্ততঃ ১০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। গাংনীর ওলিনগরে মঙ্গলবার ভোরে এক অগ্নীকান্ডের ঘটনা ঘটেছে।

এতে পিয়ারুল ইসলাম নামের এক কৃষকের তিনটি ঘর ও এর মালামাল ভষ্মিভুত হয়। বৈদ্যুতিক শর্ট সার্কিট ও মশার কয়েল থেকে এ অগ্নীকান্ডের সুত্রপাত বলে জানিয়েছেন বামন্দী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।

ওলিনগর গ্রামের পিয়ারুল ইসলাম জানান, গরুর মশা তাড়ানোর জন্য তিনি গোয়াল ঘরে মশার কয়েল জালিয়ে দেন। মঙ্গলবার ভোর রাতে ওই আগুন গোয়াল ঘরে লাগে। পরে তা ছড়িয়ে পড়ে গোটা বাড়িতে।

এতে গোয়াল ঘরে থাকা একটি গরু ও দুটি ছাগলের মৃত্যু হয়। সাথে বাড়িতে রাখা নগদ টাকাসহ বাড়ির সমস্থ মালামাল পুড়ে ভষ্মিভুত হয়। এতে অন্ততঃ ৫ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানান তিনি।

গাড়াডোব গ্রামের কৃষক আমানুল হক জানান, সোমবার রাতে খাবার

খাওয়ার প্রস্তুতি নিচ্ছিল বাড়ির সবাই। হঠাত প্রতিবেশিরা রান্না ঘরে আগুন দেখতে পেয়ে জানালে তা নেভানোর চেষ্টা করা হয়।

সেই সাথে বামন্দী ফায়ার সার্ভিসকে খবর দেয়া হয়। মুহুর্তে রান্না ঘর থেকে আগুন ছড়িয়ে পড়ে অন্যান্য ঘরে। এতে নগদ ৩ লাখ টাকা, আসবাবপত্র, ধান গমসহ অন্ততঃ ৫ লাখ টাকার মালামাল ভষ্মিভুত হয়।

গাংনী উপজেলার বামন্দী ফায়ার সার্ভিস স্টেশনের সাব-অফিসার ইসাহক আলী জানান, গাড়াডোব গ্রামের আমানুলের বাড়িতে বৈদ্যুতিক শর্টসার্কিটে ও ওলিনগর গ্রামের পিয়ারুলের বাড়িতে মশার কয়েল থেকে আগুনের সুত্রপাত।

সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের টীম ঘটনাস্থলে গিয়ে আগুন নেভানোর চেষ্টা করে। দুটি স্থনে অন্ততঃ ১০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, ইতোমধ্যে ভুক্তভোগী পরিবার দুটিকে আবেদন দিতে বলা হয়েছে। আবেদন পেলে তাদেরকে সরকারী সহায়তা প্রদান করা হবে।

গাংনীতে পরিত্যক্ত অবস্থায় ফেনসিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার রামদেবপুর গ্রামের একটি মাঠ থেকে পরিত্যাক্ত অবস্থায় ২০০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।
আজ মঙ্গলবার দুপুর পৌনে তিনটার দিকে রামদেবপুর গ্রামের মালিতলা মাঠে মিন্নাত আলীর ভুট্টাক্ষেতে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় এসব ফেনসিডিল উদ্ধার করে।

ডিবি পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে, এস.আই সুলতান মাহমুদ, এ.এস.আই মাহাতাব উদ্দিন ও সংগীয় ফোর্স নিয়ে এই অভিযান চালানো হয়।

ডিবি পুলিশের ওসি সাইফুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে জনৈক মিন্নাত আলী ভুট্টাক্ষেত থেকে পরিত্যক্ত অবস্থায় ২০০ বোতল ফেনসিডিল উদ্ধার করি। জড়িতদের সন্ধানে তদন্ত অব্যাহত আছে।